সৃজনশীল বাংলাদেশ

# জেলা শিল্পকলা একাডেমি

কালিতলা, দিনাজপুর।
ই-মেইল : dshilpakala@gmail.com

স্মারক নং-জেশিএ/দিনাজ/সা:প্রতি/২০২৩/ ৩১০১ তারিখ : ১৭/০৫/২০২৩ খ্রিঃ

**বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এঁর ১২৪ তম জন্মবার্ষিকী ১৪৩০/২০২৩ উদযাপন উপলক্ষে নজরুল সংগীত প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, জেলা শিল্পকলা একাডেমি, দিনাজপুর এর আয়োজনে আগামী- ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ ২৪ মে ২০২৩ খ্রি: রোজ বুধবার বিকাল-৩.০০ টায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এঁর ১২৪ তম জন্মবার্ষিকী ১৪৩০/২০২৩ উদযাপন উপলক্ষে নজরুল সংগীত প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

**প্রতিযোগিতার বিষয়**

| তারিখ, সময় ও স্থান | বিভাগ | বিষয় |
|---|---|---|
| ২৪/০৫/২০২৩<br>বুধবার<br>জেলা শিল্পকলা একাডেমি<br>দিনাজপুর | ক বিভাগ : শিশু শ্রেণি থেকে ৩য় শ্রেণি পর্যন্ত<br>খ বিভাগ : ৪র্থ শ্রেণি হতে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত<br>গ বিভাগ : ৭ম শ্রেণী হতে ১০ম শ্রেণি পর্যন্ত | নজরুল সংগীত |

প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের সদস্য/ছাত্র/ছাত্রীসহ সকলের অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা প্রত্যাশা করছি।

১৭/০৫/২০২৩

(মীন আরা পারভীন)
জেলা কালচারাল অফিসার
জেলা শিল্পকলা একাডেমি
দিনাজপুর।
০২৫৮৮৮১৭৭৫৬

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সভাপতি/পরিচালক/আহবায়ক/সাধারণ সম্পাদক/প্রশিক্ষক
-----------------------------------------------------------,দিনাজপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।
২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর।
৫। জেলা শিক্ষা অফিসার, দিনাপজপুর। (আপনার অধিনস্থ প্রতিষ্ঠানে ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
৬। উপজেলা শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।(আপনার অধিনস্থ প্রতিষ্ঠানে ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
৭। জেলা তথ্য অফিসার দিনাজপুর।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
দিনাজপুর।
www.deodinajpur.gov.bd

স্মারক নং- জেশিঅ/দিনাজ/২০২৩/ ৭০৯ তারিখঃ ১৮/০৫/২০২৩

অনুলিপি ঃ জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), দিনাজপুর। (পত্রের মর্মানুযায়ী বর্ণিত পত্রটি পৃষ্ঠাঙ্কন করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করণ ও কার্যকরী ব্যবস্থা নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

০২। সংরক্ষণ নথি।

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা শিক্ষা অফিসার
দিনাজপুর।
০৫৩১-৬৫০৮৬
dinajpurdeo2008@yahoo.com

## প্রভাতী

ভোর হল
দোর খোল
খুকুমণি ওঠো রে!
ঐ ডাকে
যূঁই-শাখে
ফুল-খুকি ছোট রে!
খুকুমণি ওঠো রে!
রবি মামা
দেয় হামা
গায়ে রাঙা জামা ঐ,
দারোয়ান
গায় গান
শোনো ঐ, 'রামা হৈ!'
ত্যজি নীড়
করে ভিড়
ওড়ে পাখি আকাশে,
এন্তার
গান তার
ভাসে ভোর বাতাসে।
চুলবুল
বুলবুল
শিস দেয় পুষ্পে,



## লিচু-চোর

বাবুদের তাল-পুকুরে
হাবুদের ডাল কুকুরে
সে কি বাস করলে তাড়া,
বলি থাম একটু দাঁড়া।
পুকুরের ঐ কাছে না
লিচুর এক গাছ আছে না
হোথা না আস্তে গিয়ে
য়্যাব্বড় কাস্তে নিয়ে
গাছে গ্যে যেই চড়েছি
ছোট এক ডাল ধরেছি,
ও বাবা, মড়াৎ করে
পড়েছি সড়াৎ জোরে!
পড়বি পড় মালির ঘাড়েই,
সে ছিল গাছের আড়েই।
ব্যাটা ভাই বড় নচ্ছার।
ধুমাধুম গোটা দুচ্চার
দিলে খুব কিল ও ঘুসি
একদম জোরসে ঠুসি!
আমিও বাগিয়ে থাপড়
দে হাওয়া চাগিয়ে কাপড়
লাফিয়ে ডিঙনু দেয়াল,
দেখি এক ভিটরে শেয়াল!
আরে ধ্যাৎ শেয়াল কোথা?
ভোলাটা দাঁড়িয়ে হোথা!



## বিদ্রোহী

বলো বীর—
বলো উন্নত মম শির!
শির নেহারি আমারি নতশির ওই শিখর হিমাদ্রির!
বলো বীর—
বলো মহাবিশ্বের মহাকাশ ফাড়ি
চন্দ্র সূর্য গ্রহ তারা ছাড়ি
ভূলোক দ্যুলোক গোলোক ভেদিয়া
খোদার আসন 'আরশ' ছেদিয়া,
উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর!
মম ললাটে রুদ্র ভগবান জ্বলে রাজ-রাজটিকা দীপ্ত জয়শ্রীর!
বলো বীর—
আমি চির-উন্নত শির!
আমি চিরদুর্দম, দুর্বিনীত নৃশংস,
মহা- প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস!
আমি মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর,
আমি দুর্বার,
আমি ভেঙে করি সব চুরমার!
আমি অনিয়ম উচ্ছৃঙ্খল,
আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল!
আমি মানি না কো কোনো আইন,
আমি ভরা-তরী করি ভরা-ডুবি, আমি টর্পেডো, আমি ভীম
ভাসমান মাইন।